

3 (Sem-1) BEN M 2

2 0 1 5

BENGALI

(Major)

Paper : 1.2

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks
for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) নয়ন-কটাখে / বিষম বিশিখে / পরাণ বিস্মিতে যায় ॥

‘বিশিখ’ শব্দের অর্থ কী ?

(খ) “যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু-জ্যোতি ।” পদটির রচয়িতা কে ?

(গ) “কহিও কানুরে সই কহিও কানুরে ।” এটি কোন্ পর্যায়ের পদ ?

(ঘ) “গগনে অবঘন / মেহ দারুণ / সঘনে দামিনী চমকই ।”

‘মেহ’ শব্দের অর্থ কী ?

(ঙ) শূন্যস্থান পূর্ণ করো :

গোবিন্দ দাস কহ ইথে কি বিচার ।

ছুটল ——— কিয়ে যতনে নিবার ॥

A16/89

(Turn Over)

(2)

- (চ) পরমানন্দ পুরীর জন্ম কোথায় হয়েছিল ?
- (ছ) “হৃষ্কার-করয়ে কৃষ্ণ আবেশের তেজে ।” এখানে কার কথা বলা হয়েছে ?
- (জ) শূন্যস্থান পূর্ণ করো :
পুনঃ পুনঃ সবারে করায় গঙ্গাস্নান ।
কারে ছোয় কারো অঙ্গে — প্রদান ॥
- (ঝ) শ্রীবাস পণ্ডিতের জন্ম কোথায় হয়েছিল ?
- (ঞ) গঙ্গাদাস পণ্ডিতকে কার সঙ্গে তুলনা করা হয়েছে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) গদ্যরূপ নির্দেশ করো :
পরভাতে; নেহারব ।
- (খ) ‘রাশ্মিপ ঘন গর- / জন্তি সন্ততি / ভুবন ভরি বরিখন্তিয়া ॥
এখানে কোন্ ঋতুর বর্ণনা করা হয়েছে ? পদটির রচয়িতা কে ?
- (গ) যে-কোন চার প্রকার অভিসারের নাম লেখো ।
- (ঘ) চট্টগ্রামে জন্মগ্রহণ করেছেন, এমন দুজন বৈষ্ণবের নাম লেখো ।
- (ঙ) প্রভু বলে যদি মোর প্রাণরক্ষা চাহ ।
তবে ঝাঁট দুই ব্রাহ্মণের ঘর যাহ ॥
এই দুই ব্রাহ্মণের নাম কী ছিল ?

A16/89

(Continued)

(3)

৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) সপ্তসঙ্গ ব্যাখ্যা করো :

কুল মরিষাদ- কপাট উদ্যাতলুঁ
তাহে কি কাঠকি বাধা ।
নিজ মরিষাদ- সিন্ধু সঞে পঙারলুঁ
তাহে কি তটিনী অগাধা ॥

(খ)

জনম অবধি হাম রূপ নেহারলুঁ
নয়ন না তিরপিত ভেল ।
সেই মধুর বোল শ্রবণহি শুনলুঁ
শ্রুতিপথে পরশ না গেল ॥

উদ্ধৃতাংশের বক্তব্য-বিষয় বিশদ করো ।

(গ) টীকা লেখো :

প্রেমবৈচিত্র্য অথবা গৌরচন্দ্রিকা

(ঘ) টীকা লেখো :

ঈশ্বরপুরী অথবা নিত্যানন্দ

(ঙ) চৈতন্যের বাল্যলীলা অবলম্বনে তাঁর দুরন্তপনার পরিচয় দাও ।

(চ) তাৎপর্য ব্যাখ্যা করো :

রমা-দৃষ্টিপাতে সর্বলোকে সুখে বসে ।
ব্যর্থ কাল যায় মাত্র ব্যবহার-রসে ॥

A16/89

(Turn Over)

ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর
লেখো : ১০×৪=৪০

ক—গুচ্ছ

- ৪। (ক) অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তোমার পঠিত
অভিসার পর্যায়ের পদ অবলম্বনে তাঁর শ্রেষ্ঠত্ব প্রমাণ করো।
- (খ) মাথুর পর্যায়ের পদ-রচনায় বিদ্যাপতির কৃতিত্ব তোমার পঠিত
পদগুলো অবলম্বনে আলোচনা করো।
- (গ) রূপানুরাগ পর্যায়ের পদগুলির কাব্যগত ও তত্ত্বগত তাৎপর্য
ব্যাখ্যা করো। এই পর্যায়ের পদ-রচনায় বৈষ্ণব পদকর্তাদের
কৃতিত্ব পাঠ্য পদগুলো অবলম্বনে আলোচনা করো।
- (ঘ) 'বৈষ্ণব পদাবলী'র গীতিধর্মিতা সম্পর্কে তোমার পঠিত
পদগুলো অবলম্বনে একটি আলোচনা প্রস্তুত করো।

খ—গুচ্ছ

- ৫। (ক) “বৃন্দাবনদাসের কবিদৃষ্টি তাঁর রচনাকে সুঠাম মানব-রসের
সিঞ্চনে হৃদয় করে তুলেছে।” ‘চৈতন্য-ভাগবত’-এর
পঠিত অংশ অবলম্বনে মন্তব্যটির যথার্থতা বিচার করো।
- (খ) “‘চৈতন্য-ভাগবত’ কেবল চৈতন্যের তথ্যানিষ্ঠ জীবনকথা
নয়, একই সঙ্গে পঞ্চদশ-ষোড়শ শতকের বাংলাদেশের
সামাজিক ইতিহাসের এক বিশ্বস্ত দলিল।” তোমার পঠিত
অংশের সাহায্যে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

- (গ) “শ্রীচৈতন্যের ভাগবতী তনুর অন্তরালবতী মানবিক
সভাটিকে বৃন্দাবনদাস বিশেষ কৃতিত্বের সঙ্গে পরিষ্ফুট
করেছেন।” মন্তব্যটির সারবত্তা প্রতিপন্ন করো।
- (ঘ) ‘চৈতন্য-ভাগবত’-এ চৈতন্যের বাল্যজীবনের বর্ণনায়
অলৌকিকতার প্রক্ষেপ এই কাব্যকে সার্থক জীবনী-কাব্য
হয়ে ওঠার পথে প্রতিবন্ধকতার সৃষ্টি করেছে কিনা,
আলোচনা করো।
